



নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.৯৯.০০১.১৬.২৬১

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭

০৯ আগস্ট ২০২০

### পরিপত্র

বিষয়: করোনা ভাইরাস (COVID-19) পরিস্থিতিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রী ভর্তি প্রসঙ্গে।

করোনা ভাইরাস (COVID-19) এর উদ্ভূত পরিস্থিতিতে সারাদেশের বিদ্যালয়সমূহ বন্ধ রয়েছে। এ পরিস্থিতিতে বিভিন্ন কারণে ছাত্র-ছাত্রীগণ বর্তমানে শহর ছেড়ে গ্রামে অবস্থান করছেন। গণমাধ্যম, সামাজিক যোগাযোগ মাধ্যম এবং বিভিন্ন উৎস হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী বেশ কিছু বেসরকারি কিন্ডারগার্টেন স্কুল বন্ধ হয়ে যেতে পারে। ফলে ছাত্র-ছাত্রীগণ বিদ্যালয়বিহীন হয়ে পড়তে পারে।

২। উপরোক্ত পরিস্থিতি বিবেচনায় শিক্ষার্থীগণ যাতে বিদ্যালয়বিহীন হয়ে ঝরে না পড়ে সেজন্য ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণকে বছরের যে কোন সময় তাদের বাসস্থান সংশ্লিষ্ট ক্লাস্টারের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে নিম্নবর্ণিত তথ্যাদি যাচাই করে ভর্তির কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

“যে শিক্ষার্থী ভর্তি হবে সে যে বিদ্যালয়ে অধ্যয়নরত ছিল তাঁর আইডি কার্ড/বেতন বই/স্লিপ/ক্লাস ডায়েরি/বই পুস্তক/খাতাপত্র ইত্যাদি সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক তা যাচাই করবেন। এক্ষেত্রে কোন ছাড়পত্র (টিসি) প্রয়োজন হবে না।”

৯-৮-২০২০

মোঃ আকরাম-আল-হোসেন

সিনিয়র সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয়
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৪) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৫) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল বিভাগ)
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৯) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

- ১০) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ১১) যুগ্মসচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ১২) অফিস কপি।